



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি  
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম  
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।  
www.titasgas.gov.bd  
----

নম্বর: ২৮.১৩.০০০০.৪৭৩.৯২.০০১.২৪.৪৮

তারিখ: ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

### স্থায়ী আদেশ- ০৩/২০২৫

টিজিটিডিপিএলসি এর সাংগঠনিক কাঠামো-২০২৪ অনুযায়ী কোম্পানির ডিভিশন/ বিভাগ/ শাখাসমূহ পুনঃবিন্যস্ত হওয়ায় কম্পিউটার প্রযুক্তির বর্তমান অবস্থা ও ভবিষ্যতে সম্ভাব্য প্রযুক্তিগত উৎকর্ষের নিরীখে কোম্পানির বিভিন্ন দপ্তরে ব্যবহারের প্রয়োজনীয়তা অনুযায়ী চাহিদার বিপরীতে ক্রয়তব্য কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীসমূহের প্রয়োজনীয় স্পেসিফিকেশনসহ প্রাক্কলন প্রস্তুত করা, হার্ডওয়্যার/সফটওয়্যার- এর ধরণ নির্বাচন ও নির্ধারণ এবং সময় সময় কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্য রেখে লাগসই ও উন্নততর প্রযুক্তি সম্পর্কিত মতামত/সুপারিশ প্রদানের লক্ষ্যে ইতোপূর্বে গঠিত কম্পিউটার বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পুনঃগঠন করা হলোঃ

১.১।	মহাব্যবস্থাপক (আইসিটি ডিভিশন)	- আহ্বায়ক
১.২।	উপমহাব্যবস্থাপক (স্ট্রাটেজিক ও রিসার্চ প্ল্যানিং বিভাগ), প্ল্যানিং ডিভিশন।	- সদস্য
১.৩।	উপমহাব্যবস্থাপক (ক্লো কন্ট্রোল এন্ড লোড ডিসপ্যাচ বিভাগ), অপারেশন ডিভিশন।	- সদস্য
১.৪।	উপমহাব্যবস্থাপক (আইটি নেটওয়ার্ক বিভাগ), আইসিটি ডিভিশন।	- সদস্য
১.৫।	উপমহাব্যবস্থাপক (আইটি ইনফ্রাস্ট্রাকচার বিভাগ), আইসিটি ডিভিশন।	- সদস্য
১.৬।	উপমহাব্যবস্থাপক (আইসিটি ডেভেলপমেন্ট বিভাগ), আইসিটি ডিভিশন।	- সদস্য
১.৭।	ব্যবস্থাপক (আইটি প্রকিউরমেন্ট এন্ড মেইনটেনেন্স), আইটি ইনফ্রাস্ট্রাকচার বিভাগ।	- সদস্য সচিব

### ২। কমিটি করণীয় (ToR) নিম্নরূপ :

২.১। আইসিটি ডিভিশন কর্তৃক কোম্পানির সকল দপ্তরের কম্পিউটার সামগ্রীর চাহিদার আলোকে কম্পিউটার/ডেস্কটপ, ল্যাপটপ ও কম্পিউটার সামগ্রী (প্রিন্টার, স্ক্যানার, বিভিন্ন সফটওয়্যার, ইউপিএস, প্রোজেক্টর ইত্যাদি)-এর কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্য রেখে লাগসই ও উন্নততর প্রযুক্তির সমন্বয়ে এবং সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগ/শাখা এর কাজের পরিধি/ধরণ অনুযায়ী কমিটি কর্তৃক কম্পিউটার/কম্পিউটার সামগ্রীর টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুতকরণ;

২.২। চাহিদা ও কারিগরী উৎকর্ষের সাথে সামঞ্জস্যপূর্বক প্রাথমিক প্রাক্কলন প্রস্তুতকরণ;


২.৩। গঠিত কমিটি বর্ণিত কার্যক্রমে মতামত/প্রস্তাবনা/সুপারিশ করে তা অনুমোদনের জন্য যথাশীঘ্র ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করবে;

২.৪। পরবর্তীতে বাজারে Updated/Upgraded কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী Available হলে কমিটির আহ্বায়ক প্রয়োজনানুযায়ী সময় সময় কমিটির সভা আহ্বান করবেন এবং কম্পিউটার সামগ্রীর Updated Specification চূড়ান্ত করে সে অনুযায়ী প্রাথমিক প্রাক্কলনসহ প্রতিবেদন তৈরি করে তা অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন;

২.৫। প্রাসঙ্গিক অন্যান্য সুপারিশ/মতামত (যদি থাকে) প্রদান।

৩। এতদসংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত স্থায়ী আদেশ নং- ০১/২০২৪, তারিখ : ১৫-০২-২০২৪ বাতিল করা হলো।

৪। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



২৯-০১-২০২৫

সৈয়দা আতিয়া বিলকিস

মহাব্যবস্থাপক (প্রশাসন)

৫৮১৫৫৪৭২ (ফোন)

gm.admn.titas@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.৪৭৩.৯২.০০১.২৪.৪৮/১ (৭)

তারিখ: ১৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল)।
- ২। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৩। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৬। ব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।



২৯-০১-২০২৫

সৈয়দা আতিয়া বিলকিস

মহাব্যবস্থাপক (প্রশাসন)